

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, টেকসই ও অর্থপূর্ণ উন্নয়নের জন্য প্রযুক্তির পাশাপাশি সৃজনশীলতা প্রয়োজন। বিশ্বে চাকরির বাজার আরও প্রতিযোগিতামূলক ও চ্যালেঞ্জিং হয়ে উঠছে। আমাদের গ্র্যাজুয়েটদের মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে হবে, যাতে তারা বৈশ্বিক এ চ্যালেঞ্জ মোকাবিলা করতে পারে।' গতকাল শনিবার রাজধানীর একটি হোটেলে আয়োজিত ১৮তম এশিয়ান ইউনিভার্সিটি প্রেসিডেন্টস ফোরামে (এইউপিএফ) প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অ্যাসোসিয়েশন অব প্রাইভেট ইউনিভার্সিটি অব বাংলাদেশের (এপিইউবি) সহযোগিতায় ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ) বাংলাদেশে প্রথমবারের মতো এ আয়োজন করে।

দীপু মনি বলেন, এ ধরনের অনুষ্ঠান বিভিন্ন দেশের মধ্যে সাংস্কৃতিক এবং শিক্ষাগত দৃষ্টিভঙ্গি বিনিময়ে গুরুত্বপূর্ণ। শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য এটি একটি উল্লেখযোগ্য অনুষ্ঠান, কারণ অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়গুলো অন্যের কাছ থেকে শিখতে পারে এবং তাদের নিজস্ব প্রতিষ্ঠানের সেবা ধারণাগুলো একে অপরের সাথে ভাগাভাগি করতে পারে,' যোগ করেন তিনি।

অনুষ্ঠানে মূল বক্তব্য উপস্থাপন করেন ওয়ার্ল্ড বিজনেস অ্যাঞ্জেলাস ইনভেস্টমেন্ট ফোরামের (ডব্লিউবিএএফ) চেয়ারম্যান তুরস্কের বেবার্স অ্যাল্টন্যাটস। এ ছাড়া অন্যদের মধ্যে বক্তব্য রাখেন এপিইউপি চেয়ারম্যান শেখ কবির হোসেন, ডিআইউ প্রোভিসি অধ্যাপক ড. এসএম মাহবুব-উল-হক মজুমদার, ডিআইউ চেয়ারম্যান ড. মো. সবুর খান প্রমুখ।#নিজস্ব প্রতিবেদক